# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪১৬

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৯. চতুষ্পদ জন্তুর আঘাত (দিয়াত প্রদান হতে) দায়মুক্ত

بَاب الْعَجْمَاءِ جُرْحُهَا جُبَارٌ

## আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَجْمَاءُ جُرْحُهَا جُبَارٌ وَالْبِئْرُ جُبَارٌ وَالْمَعْدِنُ جُبَارٌ وَفِي الرِّكَازِ الْخُمُسُ

## বাংলা

২৪১৬. আবূ হুরাইরাহ্ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "চতুষ্পদ জন্তুর আঘাত (ক্ষতিপুরণ দেওয়া হতে) দায়মুক্ত, কূপ (খননে শ্রমিকের মৃত্যুতে মালিক) দায়মুক্ত, খনি (খননে কেউ মারা গেলে মালিক) দায়মুক্ত, আর রিকাযে (গুপ্তধনে) এক-পঞ্চমাংশ ওয়াজিব।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান। তবে হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: দেখুন, আমাদের তাহক্বীক্বকৃত মুসনাদুল হুমাইদী নং ১১১০ ((বুখারী, যাকাত ১৪৯৯; মুসলিম, হুদূদ ১৭১০-হুমাইদী ১১১০ থেকে।– অনুবাদক।)); এটি গত হয়েছে ১৭১০ এ। আরও দেখুন, পরবর্তী হাদীস দু'টি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82699

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন